


# প্রস্তুত নিউ ইয়র্ক (READY NEW YORK)



## আমার পোষা প্রাণীর সঙ্কটকালীন পরিকল্পনা










ইমারজেন্সি ম্যানেজমেন্ট অফিস
(Office of Emergency Management)
Bill de Blasio, মেয়র

এখানে আপনার ও আপনার পোষা প্রাণীর একটি রঙীন ছবি লাগান। আপনারা যদি বিচ্ছিন্ন হয়ে যান, তাহলে এটা আপনাদের আবার মিলিত হতে সাহায্য করতে পারে।

## আমার তথ্য

অনুগ্রহ করে প্রিন্ট করুন। যদি PDF হিসাবে দেখেন, তাহলে তথ্য টাইপ করার জন্য হাইলাইট করা এলাকাগুলিতে ক্লিক করুন।

নাম:

ঠিকানা:

ফোন:

সেল ফোন:

ইমেল:

পোষা প্রাণীরাও পরিবারের অংশ। আপনার পরিবারের সদস্য হিসাবে আপনার সঙ্কটকালীন পরিকল্পনায় তাদেরও অন্তর্ভুক্ত করা উচিত। একটি সঙ্কটজনক অবস্থায় আপনি কীভাবে আপনার পোষা প্রাণীর সুরক্ষা সুনিশ্চিত করতে পারেন তা জানার জন্য পড়তে থাকুন।

## আপনার পোষা প্রাণীর জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করুন

## সামগ্রী সংগ্রহ করুন

## অবহিত থাকুন

আপনার এবং আপনার পরিবারের জন্য একটি সঙ্কটকালীন পরিকল্পনা প্রস্তুত করার জন্য NYC.gov এ গিয়ে **প্রস্তুত নিউ ইয়র্ক (Ready New York): আমার সঙ্কটকালীন পরিকল্পনা (My Emergency Plan)** ডাউনলোড করুন অথবা সহায়িকাটির একটি প্রতিলিপির জন্য অনুরোধ করতে 311 নম্বরে ফোন করুন।

# 1 জরুরী যোগাযোগের ব্যক্তিদের একটি তালিকা তৈরী করুন

সঙ্কটজনক অবস্থার আগে, জরুরী যোগাযোগের ব্যক্তিদের একটি তালিকা তৈরী করুন। আপনার পোষা প্রাণীর গো ব্যাগ (Go Bag)

| | |
|---|---|
| স্থানীয় পশুচিকিৎসক: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেল: | |
| বিকল্প পশুচিকিৎসক: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেল: | |
| আপৎকালীন যোগাযোগের ব্যক্তি: | |
| ফোন: | |
| সেল ফোন: | |
| ইমেল: | |
| বোর্ডিং সুবিধা: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেল: | |
| পোষা প্রাণীর প্রতি বন্ধুভাবাপন্ন হোটেল: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেল: | |
| স্থানীয় পশু আশ্রয়: | |
| ঠিকানা: | |
| | |
| ফোন: | |
| ইমেল: | |

# 2 একটি পরিকল্পনা তৈরি করুন

আপনার পোষা প্রাণীর সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য লিপিবদ্ধ করুন, যাতে সঙ্কটজনক অবস্থায় আপনি সহজেই এটি দেখতে পারেন।

**গুরুত্বপূর্ণ তথ্য**

| | | |
|---|---|---|
| জন্ম তারিখ: | | |
| লিঙ্গ: | | |
| ব্রীড: | | |
| রঙ: | | |
| চোখের রঙ: | | |
| সনাক্তকারী চিহ্ন: | | |
| অ্যালার্জি: | | |
| রোগ: | | |
| | | |
| | | |
| ওষুধ ও ডোজ: | | |
| | | |
| | | |
| টীকাকরণের ইতিহাস: | তারিখ | বিশদ তথ্য |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| ওষুধের দোকান: | | |
| ঠিকানা: | | |
| | | |
| ফোন: | | |
| ফ্যাক্স: | | |
| ইমেল: | | |

**যথাযথ সনাক্তকরণ**

- কুকুর ও বিড়ালকে সবসময় একটা কলার বা হার্নেস, জলাতঙ্কের ট্যাগ ও সনাক্তকরণ ট্যাগ পরিয়ে রাখা উচিত। সনাক্তকরণ ট্যাগে আপনার নাম, ঠিকানা ও ফোন নম্বর এবং সঙ্কটকালীন যোগাযোগের একজন ব্যক্তির নাম থাকতে হবে। কুকুরগুলিকে একটা লাইসেন্সও পরে থাকতে হবে। লাইসেন্স নেওয়ার সম্বন্ধে আরো তথ্যের জন্য 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।
- আপনার পোষা প্রাণীর দেহে মাইক্রোচিপ লাগানোর ব্যাপারে আরও তথ্য জানতে, পশুচিকিৎসকের সঙ্গে কথা বলুন, 311 (TTY: 212-504-4115), নম্বরে ফোন করুন, অথবা NYC.gov দেখুন। আপনি এবং আপনার পোষা প্রাণী যদি বিচ্ছিন্ন হয়ে যান, সেই ক্ষেত্রে একটি যথাযথভাবে নথিভুক্ত মাইক্রোচিপ আপনার পোষা প্রাণীকে নিশ্চিতভাবে সনাক্ত করতে সমর্থ করে।

| | |
|---|---|
| ব্রীড রেজিস্ট্রেশন #: | |
| লাইসেন্স #: | |
| মাইক্রোচিপ ID #: | |



# 3 আপনার পোষা প্রাণীকে নিয়ে কীভাবে স্থান ত্যাগ করতে হবে তা জানুন

## আপনার পোষা প্রাণীকে নিয়ে স্থান ত্যাগ করা

আপনাকে যদি কোনো সঙ্কটজনক অবস্থায় বাড়ি ছেড়ে যেতে হয় সেই ক্ষেত্রে আপনি আপনার পোষা প্রাণীকে নিয়ে কোথায় যাবেন এবং কীভাবে সেখানে পৌঁছবেন, সেই বিষয়ে ভাবুন। সঙ্কটজনক অবস্থায় স্থান ত্যাগ করার পরিকল্পনা করার সময়ে:

- আপনার পোষ্যের আশ্রয়ের জন্য ক্ষতিগ্রস্থ অঞ্চলের বাইরে কোনো বন্ধু বা আত্মীয়ের বাড়িতে আশ্রয়ের ব্যবস্থা করুন।
- ক্ষতিগ্রস্থ অঞ্চলের বাইরে, পশুদের প্রতি বন্ধুভাবাপন্ন হোটেলগুলিকে সনাক্ত করুন।
- আপনার স্থানীয় পশুচিকিৎসক, কেনেল (কুকুরদের আশ্রয়স্থান) বা পরিচর্যাকারী স্থানটি সঙ্কটজনক অবস্থায় আপনার পোষা প্রাণীকে নিরাপদ আশ্রয় দিতে পারে কি না তা দেখতে তাদের সঙ্গে কথা বলুন।
- আপনার পোষা প্রাণী বা সেবক পশুর (সার্ভিস অ্যানিম্যাল) জন্য একটি গো ব্যাগ প্রস্তুত করুন (পোষা প্রাণীর জন্য গো ব্যাগ চেকলিস্ট দেখুন)।
- আপনার পোষা প্রাণীকে প্রণালীর সঙ্গে পরিচিত করানোর জন্য স্থান ত্যাগের পরিকল্পনা অনুশীলন করুন এবং তার স্বাচ্ছন্দ্যের মাত্রা বৃদ্ধি করুন।
- আপনার পোষা প্রাণীর লুকিয়ে থাকার জায়গাগুলি জেনে রাখুন, যাতে সঙ্কটজনক অবস্থায় আপনি তাকে সহজেই খুঁজে পান।
- মনে রাখবেন যে মানসিক চাপে থাকা পোষা প্রাণী স্বাভাবিকের থেকে আলাদা আচরণ করতে পারে এবং তার চাপের মাত্রা বেড়ে যেতে পারে। কামড়ানো প্রতিরোধ করার জন্য একটা মাজল বা মুখোশ ব্যবহার করুন। অবহিত থাকুন যে ভীত পোষা প্রাণীরা পালানোর চেষ্টা করতে পারে।

## পোষা প্রাণী এবং সার্বজনীন পরিবহন

খাঁচায় রাখা পোষা প্রাণীদের MTA সাবওয়ে, বাস ও ট্রেনে যাওয়ার অনুমতি দেওয়া হয়। বাড়ি খালি করার আদেশ ঘোষণা করার পরে, খাঁচায় রাখার পক্ষে অত্যন্ত বড় পশুদেরও অনুমতি দেওয়া হবে, যদি সেই পশুদের মুখোশ পরানো থাকে এবং চার ফুটের চেয়ে লম্বা নয় এমন একটি মজবুত চেন দিয়ে নিয়ন্ত্রণে রাখা হয়। যখন এই নীতি কার্যকরী হবে, তখন শহরে এটা ঘোষণা করা হবে।

## পোষা প্রাণী এবং সঙ্কটজনক আশ্রয়ের সম্বন্ধে একটি টীকা

শহরের সঙ্কটকালীন আশ্রয়ের ব্যবস্থা উন্মুক্ত থাকার সময়ে, আপনি যদি আপনার পোষা প্রাণীকে স্থান ত্যাগের অঞ্চলের বাইরে কোনো কেনেলে বা আত্মীয় বা বন্ধুদের কাছে আশ্রয় দিতে না পারেন, সেই ক্ষেত্রে পোষা প্রাণীদের শহরের সমস্ত ইভ্যাকুয়েশন সেন্টারে অনুমতি দেওয়া হয়। অনুগ্রহ করে আপনার পোষা প্রাণীর জন্য খাবার, চেন, খাঁচা ও ওষুধপত্র সহ সমস্ত সামগ্রী নিয়ে আসবেন। আপনার পশুকে পরিষ্কার করার সামগ্রীও নিয়ে আসবেন। শুধু বৈধ পোষা প্রাণীদেরই অনুমতি দেওয়া হবে। সেবক পশুদের সবসময় অনুমতি দেওয়া হয়।

# 3 আপনার পোষা প্রাণীকে নিয়ে কীভাবে স্থান ত্যাগ করতে হবে তা জানুন (ক্রমশ)

## সঙ্কটকালীন সময়ে ছোট প্রাণীদের নাড়াচাড়া করার জন্য পরামর্শ

### পাখি

- পাখিগুলিকে ছোট, সুরক্ষিত খাঁচায় স্থানান্তরিত করুন।
- তাপমাত্রার পরিবর্তন ন্যূনতম করতে চেষ্টা করুন। গরম আবহাওয়ায় জলীয় বাষ্প তৈরী করার জন্য একটা স্প্রে বোতল ব্যবহার করুন আর ঠান্ডা আবহাওয়ায় গরম করার জন্য একটা গরম জলের বোতল ব্যবহার করুন।
- আওয়াজের তীব্র পরিবর্তনকে ন্যূনতম রাখতে চেষ্টা করুন আর পাখি(গুলি)কে শান্ত রাখার জন্য খাঁচাকে ঢেকে রাখুন।

### উভয়চর প্রাণী/সরীসৃপ

- উভয়চর প্রাণীদের হাওয়া চলাচলের ছিদ্রযুক্ত এবং জল লীক করে না এমন প্লাস্টিকের ব্যাগ বা পাত্রে রেখে স্থানান্তরিত করুন।
- সরীসৃপ প্রাণীদের বালিশের খোলে, কাপড়ের থলিতে বা ছোট খাঁচায় রেখে বহন করুন এবং যথাশীঘ্র সম্ভব পোষা প্রাণীটিকে একটি সুরক্ষিত খাঁচায় স্থানান্তরিত করুন।
- পোষা প্রাণীদের ঠান্ডা রাখার জন্য একটা স্প্রে বোতল ব্যবহার করুন অথবা গরম রাখার জন্য একটা হিটিং প্যাড বা ব্যাটারি-চালিত হিটিং ল্যাম্প ব্যবহার করুন।
- তাপমাত্রা, আলো এবং খাদ্যাভ্যাসের পরিবর্তনকে ন্যূনতম করতে চেষ্টা করুন।
- বিভিন্ন প্রজাতির প্রাণীকে একসাথে রাখবেন না।

### অন্যান্য ছোট প্রাণী

হ্যামস্টার, গারবিল, নেংটি ইঁদুর, ধেড়ে ইঁদুর, ও গিনি পিগের মত ছোট প্রাণীদের একটা ঢাকা দেওয়া ক্যারিয়ার, খাঁচা বা সুরক্ষিত বাক্সে রেখে স্থানান্তরিত করা যায়। মানসিক চাপ কমানোর জন্য খাঁচাটিকে ঢেকে রাখবেন এবং তাপমাত্রা ও আওয়াজের তীব্র পরিবর্তনকে ন্যূনতম করতে চেষ্টা করবেন।





## আপনি যদি আপনার পোষা প্রাণীর কাছে বাড়িতে ফিরে আসতে অসমর্থ হন

কিছু সঙ্কটজনক অবস্থা আপনাকে বাড়িতে ফিরতে বাধা দিতে পারে। এই ধরনের সঙ্কটজনক অবস্থার জন্য পরিকল্পনা করার সময়ে:

- আপনার অনুপস্থিতিতে আপনার পোষা প্রাণীর যত্ন নেওয়ার জন্য একজন বিশ্বস্ত বন্ধু, প্রতিবেশী বা পোষা প্রাণীর পরিচর্যাকারী সনাক্ত করুন। এই ব্যক্তির কাছে আপনার বাড়ির এক গোছা চাবি থাকা, আপনার বাড়ি ও পোষা প্রাণীর সঙ্গে তাঁর পরিচিত থাকা, আপনার সঙ্কটকালীন পরিকল্পনাটি জানা এবং আপনার সঙ্গে যোগাযোগের তথ্য তাঁর কাছে থাকা উচিত।
- উদ্ধারকারী কর্মীদের বাড়ির ভিতরে থাকা পোষা প্রাণীর সংখ্যা ও ধরন সম্বন্ধে সতর্ক করার জন্য মূল প্রবেশদ্বারে স্টিকার লাগান। প্রতি ছয় মাস অন্তর স্টিকারগুলির তথ্য আপডেট করুন। উদ্ধারকালীন সতর্কতার বিনামূল্যের স্টিকারগুলি ASPCA-এর থেকে অর্ডার করা যায়।
- একটা কলার/হার্নেস, চেন, খাঁচা এবং আপনার পোষা প্রাণীর গো ব্যাগটি এমন জায়গায় রাখুন যেখান থেকে সেটা সহজেই খুঁজে পাওয়া যাবে।

সামগ্রী সংগ্রহ করুন

# 4 পোষা প্রাণীর জন্য একটা গো ব্যাগ প্যাক করুন

পোষা প্রাণীদের জন্য নিজস্ব গো ব্যাগ থাকা উচিত — যা একটা মজবুত, সহজে বহনযোগ্য ধারক হতে হবে, যেমন একটা ব্যাকপ্যাক বা চাকাযুক্ত স্যুটকেস, — এবং আপনাকে যদি তাড়াহুড়ো করে বাড়ি ছাড়তে হয় সেই ক্ষেত্রে এটাকে সহজেই নাগালের মধ্যে পাওয়া যেতে হবে, এবং এতে নিম্নলিখিত জিনিসগুলি থাকতে হবে:

- ☐ আপনার পোষা প্রাণীর সঙ্গে আপনার একটি সাম্প্রতিক রঙীন ছবি (আপনারা যদি বিচ্ছিন্ন হয়ে যান সেই ক্ষেত্রে)
- ☐ চিকিৎসার রেকর্ডের কপি, যেখানে টীকা দেওয়ার তারিখ এবং আপনার পোষা প্রাণীকে যে সব ওষুধ দিতে হয় তার তালিকা এবং কেন সেই ওষুধ দিতে হয় তার উল্লেখ
- ☐ পরিচয় ও মালিকানার প্রমাণ, এর মধ্যে রেজিস্ট্রেশনের তথ্যের কপি, পোষ্য গ্রহণের কাগজপত্র, কেনার প্রমাণ, ও মাইক্রোচিপের তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে
- ☐ আপনার পোষা প্রাণীর শারীরিক বর্ণনা, এর মধ্যে তার প্রজাতি, ব্রীড, বয়স, লিঙ্গ, রঙ, চারিত্রিক বৈশিষ্ট্য, এবং স্বভাব ও আচরণের সম্বন্ধে অন্যান্য যে কোনো গুরুত্বপূর্ণ তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে
- ☐ প্রাণীদের প্রাথমিক চিকিৎসার কিট, এর মধ্যে পরজীবী কীটগুলির (ফ্লী ও টিক) চিকিৎসা এবং আপনার পশুচিকিৎসকের পরামর্শ অনুসারে অন্যান্য জিনিসপত্র অন্তর্ভুক্ত থাকতে হবে
- ☐ কমপক্ষে তিন দিনের জন্য খাবার, জল ও খাদ্যের পদ
- ☐ কোল্যাপ্সিবল খাঁচা বা ক্যারিয়ার
- ☐ মুখোশ* ও চেন
- ☐ আপনার পোষা প্রাণীকে শান্ত রাখার জন্য খাঁচা ঢেকে রাখার সুতীর কাপড়
- ☐ আরাম দেওয়ার জন্য খেলনা বা প্রিয় খাবার
- ☐ বিছানা, লিটার প্যান ও চামচ
- ☐ সাফাই করার জন্য প্লাস্টিকের ব্যাগ
- ☐ অন্যান্য জিনিসপত্র:

(*দ্রষ্টব্য: নাইলনের মুখোশগুলি শুধুমাত্র অস্থায়ীরূপে ব্যবহার করা উচিত, যেহেতু এগুলি কুকুরের জোরে জোরে নিঃশ্বাস নেওয়ার সামর্থ্যকে সীমাবদ্ধ করে দিতে পারে)।



















প্রস্তুত নিউ ইয়র্ক
(READY NEW YORK)
আমার পোষা প্রাণীর
সঙ্কটকালীন
পরিকল্পনা





Rx

# 5 পোষা প্রাণীর জন্য সঙ্কটকালীন সামগ্রীর কিট একত্রিত করুন

পোষা প্রাণীর জিনিসগুলিকে আপনার নিজের সঙ্কটকালীন সামগ্রীর কিটে অন্তর্ভুক্ত করুন — কমপক্ষে তিন দিন আপনার বাড়িতে টিকে থাকার জন্য আপনার যে সমস্ত সামগ্রী প্রয়োজন।

- ☐ পোষা প্রাণীর খাবার। আপনি যদি ভিজে খাবার ব্যবহার করেন, তাহলে নিশ্চিত করবেন যাতে পপ-আপ ক্যান বা হাত দিয়ে ক্যান খোলার ওপেনার নাগালের মধ্যে থাকে। খাবার ও জলীয় জিনিসগুলি প্রতি ছয় মাস অন্তর পাল্টাবেন, যাতে মেয়াদ পেরিয়ে যাওয়ার সম্ভাবনা এড়ানো যায়।
- ☐ জল। জলশূন্যতা প্রাণীদের স্বাস্থ্যের পক্ষে একটা গুরুতর ঝুঁকি। আপনার পোষা প্রাণীর দৈনিক কতটা জল প্রয়োজন হয় তা জানার জন্য আপনার পশুচিকিৎসককে জিজ্ঞাসা করুন।
- ☐ আপনার পোষা প্রাণীকে সামলানোর জন্য প্লাস্টিকের ব্যাগ, সংবাদপত্র, ধারক বা কন্টেনার, এবং পরিষ্কার করার সামগ্রী
- ☐ অন্যান্য জিনিসপত্র:





আপনার পোষা প্রাণীকে প্রস্তুত রাখার জন্য ধন্যবাদ!

**অভিনন্দন!**

## NEW YORK শহরের সংস্থানসমূহ

অন্য রকম উল্লেখ করা না থাকলে, সিটি এজেন্সিগুলির সঙ্গে যোগাযোগ করার জন্য 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন বা NYC.gov ব্যবহার করুন।

**NYC ইমারজেন্সি ম্যানেজমেন্ট অফিস (NYC Office of Emergency Management)**
NYC.gov/oem
@nycoem
Facebook.com/NYCemergencymanagement

**প্রস্তুত নিউ ইয়র্ক (Ready New York): আমার সঙ্কটকালীন পরিকল্পনা (My Emergency Plan) পরিকল্পনা সহায়িকা**
NYC.gov/readyny

**প্রস্তুত New York প্রস্তুতি বিষয়ক তথ্য**
NYC.gov/readyny

**NYC শারীরিক ও মানসিক স্বাস্থ্য বিভাগ (NYC Department of Health & Mental Hygiene)**
NYC.gov/health

**নোটিফাই NYC – জরুরী আপডেটের জন্য সিটি'র উৎস**
NYC.gov/notifynyc
@NotifyNYC



## আরও সংস্থানসমূহ

**New York শহরের পশু পরিচর্যা ও নিয়ন্ত্রণ**
www.nycacc.org, বা 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন

**হিউমেন সোসাইটি অফ New York (Humane Society of New York)**
www.humanesocietyny.org,
বা 212-752-4842 নম্বরে ফোন করুন

**পশুদের প্রতি নিষ্ঠুরতা প্রতিরোধের জন্য আমেরিকান সোসাইটি (American Society for the Prevention of Cruelty to Animals) (ASPCA)**
www.aspca.org, বা 212-876-7700 নম্বরে ফোন করুন

## আমার সংস্থানসমূহ

আপনার নিজের গুরুত্বপূর্ণ সংস্থানসমূহ ও ফোন নম্বরগুলি এখানে যোগ করুন।

এই নির্দেশিকাটি অডিও রূপে এবং নীচের ভাষাগুলিতেও পাওয়া যায়।

**Arabic**
زُر NYC.gov/readyny للحصول على نسخ باللغة العربية من هذا الدليل.

**Bengali**
এই নির্দেশিকাটির বাংলা কপির জন্য NYC.gov/readyny দেখুন

**Chinese**
請撥打311或訪問NYC.gov/readyny，獲得本指南的中文版本。

**English**
Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

**French**
Visitez NYC.gov/readyny pour obtenir des exemplaires de ce guide en français.

**Haitian Creole**
Ale nan sitwèb NYC.gov/readyny pou jwenn kopi gid sa a nan lang Kreyòl Ayisyen.

**Italian**
Visita il sito NYC.gov/readyny per ricevere una copia di questa guida in italiano.

**Korean**
한국어로 된 안내서 사본은 NYC.gov/readyny를 방문하십시오.

**Polish**
Kopia w języku polskim jest opublikowana pod adresem NYC.gov/readyny.

**Russian**
Позвоните по номеру 311 или посетите сайт NYC.gov/readyny, чтобы получить эту брошюру на русском языке.

**Spanish**
Llame al 311 o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

**Urdu**
اس رہنما پرچے کی کاپی اردو زبان میں حاصل کرنے کے لیے NYC.gov/readyny ملاحظہ کریں۔

Bengali, 2014 Edition